

ভোক্তা কাগজ

মঙ্গলবার, ১২ ফেব্রুয়ারি ২০১৯, ৩০ মাঘ ১৪২৫



মো. আমিনুল ইসলাম বগুড়া পল্লী উন্নয়ন একাডেমির মহাপরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ

বগুড়া পল্লী উন্নয়ন একাডেমির মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ করেছেন মো. আমিনুল ইসলাম। তিনি সর্বশেষ রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১৮ সালে তিনি অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন।

অষ্টম বিসিএস'র মাধ্যমে বিসিএস (প্রশাসন) ক্যাডারে নির্বাচিত হয়ে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে তিনি যোগ দেন।

বিদায়ী ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. এম এ মতিনের উপস্থিতিতে কর্মকর্তা ও কর্মচারীরা নতুন মহাপরিচালককে একাডেমির সবুজ চত্বরে স্বাগত জানান। এ সময় তিনি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময়কালে বলেন, 'টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় গুদাচার কৌশল, তথ্য অধিকার আইন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা'র যথাযথ প্রয়োগের মাধ্যমে একাডেমিকে এগিয়ে নেয়া হবে।'

নবনিযুক্ত মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেগম নারগিস জাহান, পরিচালক, প্রশিক্ষণ, বগুড়া পল্লী উন্নয়ন একাডেমি। বগুড়া জেলার জেলা প্রশাসক মো. ফয়েজ আহমেদসহ বিভিন্ন উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি) ও বগুড়া জেলা স্কউটের বিভিন্ন স্তরের প্রশিক্ষকরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।